শেখ হাসিনা লাশ চেয়েছিলেন : নূর হোসেন সেই লাশের রাজনীতির শিকার : এরশাদ

- নিজের নামে বঙ্গভবন লিখে নিইনি
- মিগ কিনে কোটি কোটি টাকার দুর্নীতি করিনি
- রক্ষীবাহিনী ৩০ হাজার জাসদকর্মী হত্যা করেছে সেই জাসদ এখন আ'লীগের আঁচলে, এর চেয়ে লজ্জার কথা আর কী হতে পারে

বর্তমান নবম জাতীয় সংসদ নির্বাচনের আগে বিএনপি এবং আওয়ামী লীগের জোট রাজনীতির সমীকরণের প্রেক্ষাপটে ২০০৬ সালে এরশাদ এবং জাতীয় পার্টি নানামুখী কৌশল নেয়। ওই বছর ২৭ জুলাই রাতে এরশাদের প্রেসিডেন্ট পার্কের বাসভবনে বিএনপির সিনিয়র যুগ মহাসচিব তারেক রহমান এক রুদ্ধদ্বার বৈঠক করেন। নানা রাজনৈতিক বিশ্লেষণের পর পরদিন এরশাদ চারদলীয় জোটে যোগ দেয়ার ঘোষণা দেন। এরপর তিনি বিভিন্ন সভা-সমাবেশে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা এবং ১৪ দলের শরিক বিভিন্ন দলের শীর্ষস্থানীয় নেতাদের বিরুদ্ধে নানারকম কথা বলেন। তিনি শেখ হাসিনাকে দুর্নীতিপরায়ণ হিসেবে অভিহিত করেন এবং তার ওপর নূর হোসেনের খুনের দায় চাপান। একইসঙ্গে তিনি আওয়ামী লীগ এবং ১৪ দলের নীতি-আদর্শের কঠোর সমালোচনা করেন। আর বিএনপির রাজনৈতিক আদর্শ এবং ততালীন দলের সিনিয়র যুগ মহাসচিব তারেক রহমানের ভূয়সী প্রশংসা করেন। তবে বছরের শেষদিকে জোট করা নিয়ে আওয়ামী লীগ, বিএনপি এবং দলের শীর্ষস্থানীয় নেতাদের নানামুখী চাপে একদিন সন্ধ্যায় আত্মগোপন করেন এরশাদ। প্রায় দু'দিন পর আত্মগোপন থেকে তিনি সরাসরি হাজির হন পলনে ১৪ দলের মহাসমাবেশে। সেখানে তিনি মহাজোট গঠনের বিষয়টি নিশ্চিত করেন।

চারদলীয় জোটে যোগ দেয়ার ঘোষণার পর ২০০৬ সালের ১৬ আগস্ট সকালে রাজধানীর হোটেল সুন্দরবনে বৃহত্তর রংপুর জেলা জাতীয় পার্টির তৃণমূল নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে নূর হোসেন হত্যাকান্ড বিষয়ে এরশাদ বলেন, আমি নূর হোসেনকে হত্যা করিনি। নূর হোসেন লাশের রাজনীতির শিকার হয়েছে। সে সময়ের রাজনৈতিক পরিস্থিতিতে আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা একটি লাশ চেয়েছিলেন। সেই লাশের রাজনীতির শিকার হয়ে নূর হোসেন মৃত্যুবরণ করেছিল। হাজার হাজার মানুষের মধ্যে শুধু নূর হোসেনের গায়ে লেখা ছিল 'স্বৈরাচার নিপাত যাক'। এর কী উদ্দেশ্য ছিল, সেটা আজ কারও অজানা নয়। সেটা এখন সবার কাছেই স্পষ্ট হয়ে গেছে। এদিন তিনি আরও বলেন, আওয়ামী লীগ সৃষ্ট রক্ষীবাহিনী জাসদের একজন কিংবা দু'জন নয়ড়৩০ হাজার নেতাকর্মী হত্যা করেছিল। সেই জাসদ আজ আওয়ামী লীগের আঁচলের নিচে চলে গেছে। এখন তারা আওয়ামী লীগের আশ্রয়ে তাদের পক্ষে বড় বড় কথা বলছে। এর চেয়ে লজ্জার কথা আর কী হতে পারে।

২০০৬ সালের ৩১ জুলাই সকালে হোটেল সুন্দরবনে কুমিলণ্ঢা, ব্রাহ্মণবাড়িয়া এবং চাঁদপুর জেলা জাতীয় পার্টির তৃণমূল নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে এরশাদ বলেছিলেন, শেখ হাসিনা বলেন আমি চোর। আমি চোর কিংবা দুর্নীতিবাজ নই। আমি যদি চোর হতাম, তাহলে আমার রাজপ্রাসাদ থাকত। আমি তো নিজের নামে বঙ্গভবন লিখে নেইনি। মিগ কিনে কোটি কোটি টাকার দুর্নীতি করিনি। কোটি কোটি টাকার দুর্নীতি হয়েছে মিগ কেনার মাধ্যমে। যে মিগ এখন আকাশে ওড়ে না। তিনি বলেন, শেখ হাসিনা আমাকে ১২ ঘণার মধ্যে জেলে নেয়ার কথা বলেছিলেন। সে কথা আমি ভুলে যাইনি। তারা যে রাজনৈতিক আদর্শে বিশ্বাস করে, আমরা তা করি না। তারা ক্ষমতায় এলে '৭২-এর সংবিধান কার্যকর করবে। সংবিধান থেকে বিসমিল্লাহির রহমানের রাহিম মুছে ফেলবে। আমরা এটা হতে দিতে পারি না। ৩০ জুলাই (২০০৬) সকালে হোটেল সুন্দরবনে বৃহত্তর সিলেট জেলার তৃণমূল নেতাদের সঙ্গে মতবিনিময় সভায় সভাপতির বক্তব্যে এরশাদ জোটবদ্ধ হওয়ার বিষয়ে বলেন, আমরা বাংলাদেশী জাতীয়তাবাদ এবং ইসলামী মূল্যবোধে বিশ্বাসী। এটা আমাদের দলের গঠনতন্ত্রে আছে। তাই এ আদর্শের বাইরে অন্য কারও সঙ্গে জোট করা আমাদের জন্য কঠিন। এ আদর্শের ভিত্তিতে আমরা যদি জোটবদ্ধ হই- তবে এতে কারও মাথাব্যথা হওয়ার কারণ নেই। তিনি বলেন, তারেক রহমানের সঙ্গে বৈঠকের পর কয়েকটি পত্রিকা আমাকে নিয়ে এমন সমালোচনায় মেতে উঠেছে যে, যেন আমি তার সঙ্গে বৈঠক করে মহা অন্যায় করে ফেলেছি। আমি ১৪ দলে যোগ না দেয়ায় মনে হচ্ছে তাদের মাথায় আকাশ ভেঙে পড়েছে। আমি তারেক রহমানের সঙ্গে বৈঠক করে কোনো ভুল করিনি। দল এবং দলের স্বার্থ বিবেচনা করেই আমি তার সঙ্গে বৈঠক করেছি। তিনি বলেন, চারদলীয় জোটে যোগ দেয়ার সিদ্ধান্তের পর অনেকেই আমাকে 'আনপ্রেডিক্টেবল' হিসেবে অভিহিত করছেন; কিন্তু তাদের জানা উচিত আমি একজন সৈনিক- আমরা কখনও আনপ্রেডিক্টেবল থাকি না। আমরা সিদ্ধান্ত নেই এবং তা বাস্তবায়ন করি।

হোমিওপ্যাথিক প্রাকটিস
Homeopathic Practice

বৃটেনে শিক্ষাপ্রাপ্ত ও পাশ করা বাংলাদেশী অভিজ্ঞ কনসালটেন্ট মোঃ আলিম উদ্দিন আপনার সকল জটিল ও কঠিন রোগ নিরাময়ে চিকিৎসা সেবা ও সুপরামর্শ প্রদানে নিযুক্ত। এখানে ইংরেজী বাংলা ও সিলেটী ভাষায় আপনার রোগ সম্পর্কিত সকল গোপন কথা সহজ ও বিশ্বস্তভাবে খুলে বলতে পারবেন।

বর্তমানে যৌন অক্ষমতা নিয়ে অনেকেই অসুখী জীবন যাপন করছেন। যার স্থায়ী সমস্যা সমাধানে হোমিও চিকিৎসা অপরিহার্য। তাই হতাশা ছেড়ে চিকিৎসা গ্রহণ করুন এবং জীবনকে সুন্দর ও মধুময় করে গড়ে তুলুন।

যে সকল রোগের চিকিৎসা করা হয়

একজিমা, সরাইসিস্, বাতরোগ, বুকজ্বালা, মাইগ্রেন হেফিভার, মাথাব্যথা, স্ত্রীরোগ প্রদর, এজমা, এলার্জি, টনসিলাইটিস্, গ্যাষ্টিক আলসার, চুলপড়া, বাওফা, পাইলস্, পুরুষত্বহীনতা, অতিরিক্ত ওজন কমানো, সন্তান না হওয়াসহ পুরুষ, মহিলা ও শিশুদের যাবতীয় নতুন-পুরাতন রোগের চিকিৎসা করা হয়।

FOREST GATE HOMEOPATHIC PRACTICE

Consultant
MD. ALIM UDDIN (B.S.Y PAHCP)
484 Katherine Road, Forest Gate, London E7 8DP

Tel: 020 8472 6750, Mob : 07930 480598

Time : Monday to Saturday 10-1(Morning), 3-7pm(Evening),Sunday Closed.

United travels
& Money Transfer

Hajj Package 2010
হজ্ব প্যাকেজ ২০১০

Makkah Hotel:
Anfal

Outboun Date
3th Nov. and 8th Nov. 2010

Madinah Hotel:
Kartaj- (4 ★★★★)

Inbound Date
29th Nov. and 30th Nov. 2010

Package Includes:
- Hotel
- Hajj Visa
- Hajj Draft
- Food in Makkah and Madinah
- Side Trip in Makkah and Madinah
- Group Guide in Makkah and Madina
- We will provide Matress in Mina
- Light Refreshment in Mina and Arafah

Package Rate / Perspon

DBL	TRPL	QUAD	5 BED
Shared Bedroom	Shared Bedroom	Shared Bedroom	Shared Bedroom
£3150	£2950	£2850	£2650

Call: 0207 650 7793
Mob: 07908 998 174

193a 1st floor, Whitechapel Road, London E1 1DN
email: unitedtravels193a@yahoo.co.uk